KANDI RAJ COLLEGE
2ND SEM - (BENG-H-CC-T-3)
পর্ব - ১ - ছন্দ -

SYNOPSIS - (13)
Dr. Shila Bhattacharyya
Dept of Bengali
KANDI RAJ COLLEGE
MS.D - WB
29.04.2020

বাংলা ছন্দ পরিচয় (মূল সূত্রের উপর আলোচনা)

প্রথম পর্যায়
(ক) - ভূমিকা

'ছন্দ' শব্দটি কবিতার বা পদ্যের সঙ্গে সংশ্লিষ্ট, গদ্যে ছন্দ আছে কিন্তু কবিতায় তা অপরিহার্য উপাদান। আদিযুগের কবিতায় যেমন ছিল, তেমন মধ্যযুগে, আধুনিক যুগের কবিতাতেও ছন্দ তার সৌন্দর্যের সৃষ্টি করে চলেছে। ছন্দকে বলা হয় Poetical metre বা Prosody। ছন্দের দোলা বা ছন্দঃস্পন্দনকে বলা হয় (rhythm), তাই কবিতার সঙ্গে ছন্দের যোগ আছে। আদি কবি বাল্মীকির চিত্তে হঠাৎ শোকের আদি কবিতা বাণীও ছন্দে ধরা পড়েছে। কবির কণ্ঠে যেন যে শ্লোক উচ্চারিত হল তা অনুষ্টুপ ছন্দ। সুতরাং ভাব ও ধ্বনির বৈশিষ্ট্যের দ্বারা নির্ধারিত গতির সৌন্দর্যই হল ছন্দ। কোন কবিতা পাঠ করার সময় আমরা যেমন যেমন পড়ি, সময়ের ব্যবধানে বিরতি নেওয়ার ফলে একটি নির্দিষ্ট ফলে ছন্দের দোলা বা ছন্দঃস্পন্দন, একটি নির্দিষ্ট সুর হয়। এরই উদাহরণ- দেশে দেশে মোর | দেশ আছে আমি | সেই দেশমাঝে | বুঝিবার, এই কবিতার চরণটিতে সুনির্দিষ্ট সময় অন্তর বিরতি রয়েছে। প্রতিটি বিরতির মধ্যে এক একটি ছন্দের (rhythm) রয়েছে, কিন্তু উপরোক্ত কবিতার চরণটিতে একটি ভাব গদ্যাকারে সেই ভাব ছন্দময় পাঠে, (দেশে দেশে আমার যে দেশ আছে, সেই দেশকে আমি বুঝে নিতে চাই', গদ্যরূপ (ভাব গদ্যেও ছন্দ আছে সেটা ভাবছন্দ, ভাব আলোচিত হবে।)

(খ) বাংলা ছন্দের মূল উপাদান/উপকরণ

বাংলা ছন্দের মূল উপাদান হল দল (অক্ষর), পদ, পর্ব-পর্বাঙ্গ, চরণ/পঙ্‌ক্তি, স্তবক। এগুলি পরস্পরের যেমন ইট, চুন, বালু, সিমেন্ট বয়, সবই প্রয়োজন। সবচেয়ে সুনির্দিষ্ট (প্রয়োজনীয়) উপাদান নিয়ে কবিতার সৃষ্টি, ছন্দ সৃষ্টিতে দল, পর্ব, পর্বাঙ্গ, চরণ, পঙ্‌ক্তি, স্তবক প্রয়োজন। এদের নির্দেশ অবলম্বন করেই কবিতা হয়ে ওঠে। এগুলি উদাহরণ দিয়ে আলোচনা করা হবে। - ২৯/৪/২০

এই সব উপাদানের চিহ্নিত করে দেওয়া যায়।

খ. সেই | গান | শিখল | যায় || দূর | হতে | দূরে। 4+4+4+2 মুক্তদল ⏑ রুদ্ধদল ⏓

সাঁতরে | আসে | সোনা || সোনা | রোদে | ভরে। 4+4+4+2

১। চরণ - কবিতাটি যদি চরণে বিন্যস্ত। চরণ দেখে কবিতার তার সম্পূর্ণ হওয়ার পূর্ণচ্ছেদ (।) পড়েছে। চরণ বা পঙ্‌ক্তির শেষে পূর্ণচ্ছেদ থাকে। চরণ ও পূর্ণচ্ছেদ এখানে সমার্থক।

২। পর্ব / পদ - প্রত্যেকটি চরণে একাধিক খণ্ড (॥) থাকে, যাদের মধ্যে যতি রয়েছে। উক্ত কবিতাটির প্রত্যেকটি চরণে যতি যুক্ত পদ। তাই পর্ব হল ৪টি (তবে যদি পূর্ণ ১টি অপূর্ণ)। পর্ব পঙ্‌ক্তিগত বা পর্ব গত হওয়ায় চরণটিতে ৪টি ভাগ চিহ্নিত, প্রত্যেকটি ভাগ একেকটি পর্ব। পর্ব ও পদ অনেকসময় সমার্থক হয় - যেমন

ঘ. মহারাজাকে | কেন | অমন | সমান 6+6 - এখানে পর্ব ২টি ও পদও ২টি

পর্বাঙ্গ - পর্বের অংশ বা অর্ধ হল পর্বাঙ্গ। (ক) প্রথম উদাহরণটিতে প্রতি পর্ব (পূর্ণপর্ব) ২টি করে পর্বাঙ্গ, দ্বিতীয় (খ) উদাহরণটিতে প্রতি পর্ব যদি করে পর্বাঙ্গ আছে।

৩। শ্বাসঘাত / দল (Syllable) - কথা বলার সময় আমরা উচ্চারণ করি, এর একক হল 'দল'। দল হল স্বরধ্বনি যুক্ত অক্ষর বা ব্যঞ্জনের প্রথম অংশ, বাক্যস্রোতে এর প্রধান উচ্চারণ শ্বাসাঘাত। ইংরেজি syllable এর বাংলা প্রতিশব্দ দল।

উদা: চাঁ ← দল: মুক্ত (স্বরান্ত) — হ্রস্ব, দীর্ঘ, যৌগিক; রুদ্ধ (২ব্যঞ্জন / ২ধ্বনি) — চাঁদ ← চাঁদ — আদি, মধ্য, অন্ত্য রুদ্ধদল

অ, এ, উ, ঋ — আ, ঈ, ঊ — ই, উ (ই, উ রুদ্ধদল হিসাবে গণ্য)

মুক্তদল উচ্চারণে জিহ্বার বায়ু বাধা পায়না ও দল তাড়াতাড়ি শেষ হয় — চাঁ পাঁ (২টি মুক্তদল)

রুদ্ধদল উচ্চারণে জিহ্বার বায়ু বাধা পায়, শেষে ব্যঞ্জনধ্বনি থাকে — চাঁদ (১টি রুদ্ধদল)

৪। কথার মাত্রা - একটি দল (মুক্ত / রুদ্ধ) উচ্চারণে যে পরিমাণ সময় ব্যয়িত হয় (duration of time) তাকে তার মাত্রা বা কলা, যেমন দিনের মাত্রা ঘণ্টা (২৪ঘণ্টা), ঘণ্টার মাত্রা মিনিট, মিনিটের মাত্রা সেকেন্ড। সাধারণত দলে মুক্তদল ১মাত্রা হিসাবে গণ্য, কিন্তু দীর্ঘতিতে হলন্ত রুদ্ধদলের মাত্রাসংখ্যা ১ বা ২ হয়ে থাকে। হলন্তধ্বনির নিজস্ব দলের গুরুত্বপূর্ণ ভূমিকা আছে।

শ্রীমান ভট্টাচার্য - ২৩/৪/২০

আজকের এই আলোচনার 'প্রথম পর্যায়' (SYNOPSIS-13) শেষ হল। ২, ৬, ৪.৫ - আগের ৪টি পর্যায় সাম্প্রতিক পাঠানো, ইতিমধ্যে ভাবনেক আলোচনার সমার্থে (SYNOPSIS)-③ - নিজে পাঠাবেন। নিজেরটি নিজেরা সংশোধন করবে। প্রশ্ন আসলে - মধ্যে - ৬.০০ - ৮.০০ মধ্যে যেকোন সময় ফোনে আসবে।